

এক যাত্রায় পৃথক ফল !

২ টাবির অন্য তিন হলের চেয়ে ফজিলাতুল্লাহ সায় চার্জ দ্বিগুণেরও বেশি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্য তিনটি ছাত্রী হলের চাইতে নবনির্মিত বেগম ফজিলাতুল্লাহ মুজিব হলে সিট ভাড়া, হল চার্জ ও সংস্থাপন ফী দ্বিগুণেরও বেশি ধরা হচ্ছে। এ নিয়ে ছাত্রীদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হচ্ছে। জানা গেছে, নোকেয়া হলে ওঠার সময় প্রথমে ৪শ' ৫০ টাকা দিতে হয়। কুয়েত মৈত্রী ও শামসুন্নাহার হলে ৪শ' টাকা লাগে। কিন্তু একই বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হয়ে ফজিলাতুল্লাহ হলের ছাত্রীদের দিতে হয় ১৩শ' ৭০ টাকা। অন্য তিনটি ছাত্রী হলে প্রতিমাসে সিট ভাড়া দিতে হয় ১৫ টাকা করে। অন্যদিকে ফজিলাতুল্লাহ মুজিব হলে দিতে হয় ৩০ টাকা করে।

(৭- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন) ২৯ জান ২০১০

তুলনায় বহু বেশি। এ নিয়ে ছাত্রীদের মধ্যে তীব্র ক্ষোভ দেখা দিয়েছে। তাদের বক্তব্য হলো একই বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হয়ে অন্য ছাত্রীদের কাছ থেকে প্রভাবে জোর করে বেশি টাকা নেয়া কোনভাবেই কাম্য নয়। এ নিয়ে ছাত্রীদের ক্ষোভের মাত্রা দিন দিন বেড়েই চলেছে। শুক্রবার জনকণ্ঠ অফিসে এসে ১৫/২০ ছাত্রী তাদের অভিযোগ প্রকাশ করে যায়।

তবে এ ব্যাপারে হলের প্রভোস্ট অধ্যাপক নাসরীন আহমদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি ভিন্ন কথা বললেন। তিনি জানালেন, যে আবাসিক শিক্ষিকারা ছাত্রীদের জন্য এত কিছু করছে তাদের নামে এত বদনাম খুবই দুঃখজনক ব্যাপার। গোটা কয়েক ছাত্রী এসব করছে বলে তিনি জানান। হলের সিট ভাড়া, সংস্থাপন ফী সম্পর্কে তিনি জানান, নতুন হল বিধায় চার্জ বেশি ধরা হচ্ছে। তাছাড়া অন্যান্য হলের চাইতে এই হলের সুযোগ-সুবিধা অনেক বেশি বলে তিনি জানান।